and +88 02 58150040 Mobile +880 1717 043 321
Email: eeicbd@gmail.com, ereeltd@gmail.com
www.e...bdgroup.com

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |
| ডাইরি নং ঃ................ | স্বাক্ষর |
| তারিখঃ................ | |

প্রাপক,
সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

তারিখঃ ১৭/১২/২০২৩ ইং

**বিষয়ঃ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ কর্তৃক টেন্ডার আইডি নং - ৮৭৩১৯৭ এ "গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে হবিগঞ্জ পৌর এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন" শীর্ষক প্রকল্পের আহ্বানকৃত টেন্ডারে দুর্নীতি ও অনিয়ম প্রসংগে।**

উপযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে "গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে হবিগঞ্জ পৌর এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি গত ১৭/০৯/২০২৩ তারিখে জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি মারফত প্রকাশিত হয়। যার টেন্ডার আইডি নং ৮৭৩১৯৭, যার অনলাইনে আবেদনের শেষ সময় ছিলো ১২ অক্টোবর ২০২৩।

OTM – EGP এর নীতিমালা অনুযায়ী টেন্ডারে সকল শর্তাবলী মেনে Expert Renewable Energy & Engineering Ltd. অনলাইনে টেন্ডার সাবমিশন করে। ১২ই অক্টোবর টেন্ডারের ওপেনিং রিপোর্ট প্রকাশিত হয়, উক্ত রিপোর্টে Office Cost Estimate (in BDT) 149.180 লক্ষ। অতএব উক্ত কস্ট প্রশাসনিক আদেশ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়, জলবায়ু পরিবর্তন -১ এর স্মারক নং - ২.০০.০০০০.০৮৬.১৪.০২৯ .২৩-১৮৫ তারিখঃ ৩১ জুলাই ২০২৩ ইং ইস্টিমেট কস্ট ১৪৯.২৯৬ লক্ষ এবং ডি.পি.পি অনুযায়ী ১৪৯.২৯৬ লক্ষ। সুতরাং (১৪৯.২৯৬-১৪৯.১৮০) = ০.১১৬ লক্ষ টাকা কম দেখানো হয়েছে, যাহা সম্পূর্ণ বেআইনি ও নিয়ম পরিপন্থী। প্রকল্প পরিচালক দিলীপ কুমার দত্ত, সহকারী প্রকৌশলী, হবিগঞ্জ এবং মেয়র মহোদয় টাকার বিনিময়ে তাদের পরিচিত কোম্পানীকে কাজ দেয়ার জন্য অনিয়ম, স্বজনপ্রীতি ও দুর্নীতির আশ্রয় নেন। তাই উক্ত বিষয়ে সুষ্ঠু তদন্ত করে পুনরায় টেন্ডার আহ্বানের আবেদন জানাচ্ছি।

অতএব, মহোদয়ের নিকট সবিনয় নিবেদন, যাতে তিনি উক্ত বিষয়ে সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে প্রকল্পের স্বচ্ছতা নিশ্চিত করে বাধিত করেন।

Rimon

নিবেদক,
মোঃ নুরুল হুদা
ব্যবস্থাপনা পরিচালক
এক্সপার্ট রিন্যুয়েবল এনার্জি এন্ড ইঞ্জিনিয়ারিং লিঃ

সংযুক্তিঃ
১. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয় এর প্রশাসনিক আদেশ জারির কপি।
২. ডি পি পি বইয়ের ইস্টিমেট কস্টের পাতা।
৩. ওপেনিং রিপোর্ট
৪.টেন্ডার নোটিশ।

অনুলিপিঃ
১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪. দূর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. মেয়র, হবিগঞ্জ পৌরসভা।